

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ মার্চ ২০২৩খ্রি.

উন্নয়নের সুফল ঘরে তুলতে প্রয়োজন জনসচেতনতা: তথ্যমন্ত্রী

চট্টগ্রামের উন্নয়নে চলমান কর্মসূচির সুফল ঘরে তুলতে জনসচেতনতা প্রয়োজন বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি।

শনিবার পশ্চিম বাকলিয়া ও মৌসুমী আবাসিক এলাকার আরসিসি ডেইনসহ রাস্তা নির্মাণ প্রকল্প কাজের উদ্বোধন অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি বলেন, চট্টগ্রামের উন্নয়নে সেবা প্রতিষ্ঠানগুলোর সমন্বয়ের পাশাপাশি জনসচেতনতাও প্রয়োজন। চট্টগ্রামকে জলাবদ্ধতামুক্ত ও পরিচ্ছন্ন রাখতে জনগণকে ভূমিকা রাখতে হবে। আপনারা যত্রতত্র ময়লা ফেলবেননা, পানি অপসারণের পথ দখল করে স্থাপনা নির্মাণ করবেননা।

"প্রধানমন্ত্রীর নেতৃত্বে চট্টগ্রামে যে বিপুল উন্নয়ন কাজ চলছে তার সুফল ঘরে তুলতে জনগণকে সরকারের পাশে চাই। বদলে যাওয়া চট্টগ্রাম হবে বিশ্ববাণিজ্যের হাব। জলাবদ্ধতামুক্ত উন্নত চট্টগ্রামে বেড়ে উঠবে আমাদের আগামী প্রজন্ম।"

প্রকল্প কাজের উদ্বোধনকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেন, উন্নয়নের সুফলকে তৃণমূল পর্যায়ে নিয়ে যেতে যেসব এলাকার অলি-গলিগুলো প্রশস্ত ও উন্নত না হওয়ায় সাধারণ মানুষরা কষ্ট পাচ্ছে সেসব এলাকারাও উন্নয়ন করা হবে।

"চট্টগ্রামের অলি-গলি ও পিছিয়ে পড়া এলাকাগুলোতে নালা নির্মাণ ও সড়ক নির্মাণ করছি আমি। আজকের এ প্রকল্পটি সম্পন্ন হলে এই এলাকার জলাবদ্ধতা ও যানজট দুটি সমস্যারই সমাধান হবে। প্রধানমন্ত্রী আমাকে যে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প বরাদ্দ দিয়েছেন সেটি বাস্তবায়িত হলে চট্টগ্রামে কোন কাঁচা রাস্তা থাকবেনা।"

৮ কোটি ৩৭ লক্ষ টাকার প্রকল্পের ফলে ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডস্থ বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় রোড, শালবন আবাসিক এলাকা রোড, মোস্তফাবাগ আবাসিক এলাকা রোড, চাঁদমিয়া মুন্সী রোড ও আরসিসি ডেইন, মৌসুমী আবাসিক এলাকা রোড ও আরসিসি ডেইন, উজির আলী শাহ লেইন এবং কেবি আমান আলী বাইলেইনের উন্নয়ন করা হবে।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ শহিদুল আলম, আবুল হাসনাত বেলাত, নূর মোস্তফা টিনু, সংরক্ষিত নারী কাউন্সিলর শাহীন আক্তার রোজী, চসিকের প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, ফরহাদুল আলম, নির্বাহী প্রকৌশলী জসিম উদ্দিন প্রমুখ।

এরপর মেয়র চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) চেয়ারম্যান জহিরুল আলম দোভাষের সাথে বেসরকারি প্রতিষ্ঠান সিপিডিএলের সহযোগিতায় দেবপাহাড়সহ নগরীর বিভিন্ন এলাকার চলমান সরুজায়ন ও আধুনিকায়ন প্রকল্পের কাজ পরিদর্শন করেন। এসময় তাঁর সাথে ছিলেন কাউন্সিলর নূর মোস্তফা টিনু ও রুমকি সেনগুপ্ত।

মেয়র বলেন, আবাসন খাতের ব্যবসায়ী কোম্পানিগুলো কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকে অবদান রাখতে হবে। পাহাড়-বন ধ্বংস করে ফেললে তা আর ফেরত পাওয়া যাবেনা। প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নগর পরিকল্পনা ও প্রাণ-পরিবেশ রক্ষার বিষয়টি সবাই মাথায় রেখে কাজ করবেন।

সিডিএ চেয়ারম্যান জহিরুল আলম দোভাষ বলেন, বাড়ি বানানোর ক্ষেত্রে শিশুদের খেলার স্থান আর বিনোদনের স্থানটুকু যাতে রক্ষিত হয় সে ব্যাপারে সচেতনতা জরুরি। এক সময়ের সুরুজেষেরা চট্টগ্রাম যাতে কেবল ইট-পাথরের নগরীতে পরিণত না হয় তার জন্য চাই সম্মিলিত উদ্যোগ।

স্মার্ট বাংলাদেশ গড়তে চাই মেধাভিত্তিক প্রজন্ম:মেয়র

স্মার্ট বাংলাদেশ গড়তে আধুনিক শিক্ষার মাধ্যমে জনগণকে মানবসম্পদে রূপান্তর করা হচ্ছে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

কনিবার নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কৃতি শিক্ষার্থীদের সাথে আলোচনায় মেয়র এ মন্তব্য করেন।

মেয়র বলেন, উন্নয়ন মানেই বস্তুগত অবকাঠামো নির্মাণ নয়। বরং উন্নয়ন মানে মানুষের বুদ্ধিবৃত্তিক উন্নয়ন এবং এ উন্নয়নের বিকাশ ও প্রয়োগের জন্য সার্বিক পরিবেশ সৃষ্টি। এজন্য ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ মানবসম্পদে পরিণত করতে শিক্ষাখাতকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

"শিক্ষার্থীরা কেবল পড়লে হবেনা, তাদের হয়ে উঠতে হবে যোগ্য মানুষ হিসেবে। আজকের শিক্ষার্থীদের নেতৃত্বে বাংলাদেশে চলমান উন্নয়নের ধারা আরো বেগবান হবে বলে আমাদের প্রত্যাশা। বঙ্গবন্ধুর ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত বাংলাদেশের স্বপ্নপূরণ হবে শিক্ষার্থীদের হাত ধরে।"

ছাত্রদের মুক্তিযুদ্ধের চেতনাকে লালন করে এগিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে মেয়র বলেন, একান্তরে ছাত্র অবস্থায় বঙ্গবন্ধুর ডাকে ঘড় ছেড়ে যুদ্ধে গিয়েছিলাম। দেশ স্বাধীন হলেও এখনো স্বাধীনতাবিরোধী শক্তির ষড়যন্ত্র থেমে নেই। শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় দেশ গড়ার অসমাপ্ত লড়াইয়ে নেতৃত্ব দিতে হবে। আজ যারা শিক্ষার্থী তারাইতো ভবিষ্যতে বিভিন্নভাবে দেশ গড়ার নেতৃত্ব দিবে, তাই ছাত্রদের গড়তে হবে যুগোপযোগী উপায়ে।

এদিন মেয়র বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান, আব্দুল হামিদ সওদাগর উচ্চ বিদ্যালয়ের এস.এস.সি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ও কৃতী শিক্ষার্থীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান, শাহানশাহ হযরত সৈয়দ জিয়াউল হক মাইজভাভারী (র) ট্রাস্ট এর বৃত্তি প্রদান অনুষ্ঠান, দি চিটাগং ট্রাস্টের মেধাবৃত্তি প্রদান এবং টিকেট প্রিন্টিং প্রেস কলোনী হাইস্কুলের বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠান, এসএসসি বিদায় ও কৃতি ছাত্র-ছাত্রী সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দেন।

অনুষ্ঠানমালায় উপস্থিত ছিলেন কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী, আশরাফুল আলম, মো. ওয়াসিম উদ্দিন চৌধুরী, সংরক্ষিত নারী কাউন্সিলর রুমকি সেনগুপ্ত।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮